

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ-এর কার্যালয়, সুনামগঞ্জ।
(প্রশাসন বিভাগ)।
sunamganj.judiciary.gov.bd

আদেশ নং-৭৫,

তারিখ- ২২ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ
০৫ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ- সুনামগঞ্জ জজশীপে ০১ (এক) টি পারিবারিক আদালত গঠন প্রসঙ্গে।

সূত্রঃ ১। মহামান্য সূপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা-এর ১৪/০৩/২০২২ খ্রিঃ তারিখের ০১/২০২২ জে, নং স্মারকযুক্ত সার্কুলার।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে গত ৩০/০৪/২০২৪ খ্রিঃ তারিখ মহামান্য সূপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের Monitoring Committee for Subordinate Courts-এর সিলেট বিভাগের দায়িত্ব প্রাপ্ত মাননীয় বিচারপতি জনাব মোঃ আব্দুলরাজ্জামান মহোদয়ের সাথে সুনামগঞ্জ জজশীপের বিচারকগণের মতবিনিময় সভায় মামলার জট নিরসনে ও নিষ্পত্তি বৃদ্ধির লক্ষ্যে সূত্রে বর্ণিত সার্কুলারের নির্দেশনা অনুযায়ী সুনামগঞ্জ জজশীপের ১টি সহকারী জজ আদালতকে পারিবারিক আদালত হিসেবে গণ্য করার নির্দেশ প্রদান করা হয়।

উক্ত নির্দেশনা অনুযায়ী সুনামগঞ্জ জজশীপের সহকারী জজ আদালত, শাল্লাতে অন্যতম আদালতের চেয়ে মোকদ্দমার পরিমাণ তুলনা মূলক কম থাকায় উক্ত সহকারী জজ আদালত, শাল্লাকে "পারিবারিক আদালত, সুনামগঞ্জ" হিসেবে ঘোষণা করা হলো।

২। সুনামগঞ্জ জজশীপের অন্যতম সিনিয়র সহকারী জজ/সহকারী জজ আদালত সমূহে দায়ের কৃত এবং বর্তমানে চলমান/বিচারাধীন যে সকল পারিবারিক মোকদ্দমা সমূহ জবাব দাখিলের পর বিচার পর্যায়ে বা সমন জারী শেষে একতরফা বিচার পর্যায়ে রয়েছে, সে সকল পারিবারিক মোকদ্দমা সমূহ সংশ্লিষ্ট আদালত হতে উত্তোলনক্রমে উক্ত সহকারী জজ আদালত, শাল্লা ও 'জজ', পারিবারিক আদালত, সুনামগঞ্জে বদলী করা হলো।

ভবিষ্যতে উক্ত সিনিয়র সহকারী জজ/ সহকারী জজ আদালত সমূহে দায়েরকৃত পারিবারিক মোকদ্দমায় জবাব দাখিলের পর দু'তরফা বা সমন জারী শেষে একতরফা বিচার পর্যায়ে সকল পারিবারিক মোকদ্দমা সমূহ উক্ত পারিবারিক আদালত, সুনামগঞ্জে বিচার ও নিষ্পত্তির জন্য বদলী করার নির্দেশ দেয়া হলো।

৩। এমতাবস্থায়, সত্ত্বর সকল সিনিয়র সহকারী জজ/ সহকারী জজ আদালত সমূহে বিচারাধীন উল্লেখিত পর্যায়ে সকল পারিবারিক মোকদ্দমা সমূহ যাবতীয় কাগজপত্রসহ নথি সহকারী জজ আদালত, শাল্লা ও 'জজ' পারিবারিক আদালত, সুনামগঞ্জ বরাবরে প্রেরণ করার নির্দেশ দেয়া হল। এবং

বর্তমানে পারিবারিক ডিক্রি জারী মোকদ্দমা সমূহ সংশ্লিষ্ট আদালতেই জারী কার্যক্রম সম্পন্ন করার জন্য এবং ভবিষ্যতে যেই আদালতে পারিবারিক মোকদ্দমা নিষ্পত্তি হবে সেই আদালতেই পারিবারিক ডিক্রি জারী কার্যক্রম সম্পন্ন করার নির্দেশ দেয়া হলো।

৪। বিজ্ঞ বিচারক ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, সুনামগঞ্জকে উক্ত সহকারী জজ, শাল্লা ও পারিবারিক আদালত, সুনামগঞ্জে অর্থাৎ অতিরিক্ত ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল-০৯-এ কোন মোকদ্দমা বদলী না করার নির্দেশ দেয়া হলো। একই সাথে শাল্লা সহকারী জজ আদালতে বিচারাধীন ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল হতে বদলীকৃত মোকদ্দমা সমূহের ১টি তালিকা অন্যতম আদালতে বদলীর নিমিত্ত নিম্ন স্বাক্ষরকারী বরাবরে প্রেরণের নির্দেশ দেয়া হলো।

৫। সংশ্লিষ্ট সকলকে জানানো হউক।

স্বাক্ষরিত/-

(মোঃ হেমায়েত উদ্দিন)
সিনিয়র জেলা ও দায়রা জজ
সুনামগঞ্জ।

তারিখ- ২২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৫ মে ২০২৪ খ্রিঃ

স্মারক নং- জে: সুনাম (প্রশাঃ)-২০২৪-২২০(১৬)/

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১। মাননীয় রেজিস্ট্রার জেনারেল,
বাংলাদেশ সূপ্রীম কোর্ট, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ-

জনাব আকরামুল ইসলাম
সহকারী রেজিস্ট্রার

এবং
সাচিবিক সহায়তা প্রদানকারী কর্মকর্তা,
Monitoring Committee for Subordinate Courts, সিলেট বিভাগ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১। বিজ্ঞ বিচারক (যুগ্ম জেলা জজ), ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, সুনামগঞ্জ।

২। বিজ্ঞ সিনিয়র সহকারী জজ, সদর/ছাতক/জামালগঞ্জ, সুনামগঞ্জ।

৩। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, সুনামগঞ্জ।


৪। বিজ্ঞ সহকারী জজ, তাহিরপুর/দোয়ারা বাজার/বিশ্বতরপুর/দিরাই/জগন্নাথপুর/ধর্মপাশা/শাল্লা, সুনামগঞ্জ।

৫। বিজ্ঞ সভাপতি/বিজ্ঞ সাধারণ সম্পাদক, সুনামগঞ্জ জেলা আইনজীবী সমিতি, সুনামগঞ্জ।

[সংশ্লিষ্ট বিজ্ঞ আইনজীবীগণকে অবহিত করার অনুরোধসহ]।

৬। নোটিশ বোর্ড।

৭। অফিস কপি।


০৫.০৫.২৪
(মোঃ হেমায়েত উদ্দিন)

শ্বেডেশন ক্রমিক নং-১৬৯

২০২৩ সালের শ্বেডেশন অনুযায়ী]

সিনিয়র জেলা ও দায়রা জজ

সুনামগঞ্জ।

districtjudge.sunamganj@gmail.com